আজকের গণভোট স্থগিত রাখতে সুচির দলের আহ্বান, বিদেশী ত্রাণকর্মীকে জান্তার বহিষ্কার

মিয়ানমারের বিরোধীদলীয় নেত্রী আউং সান সুচির দল ভয়াবহ ঘূর্ণিঝড়ে হাজার হাজার মানুষের প্রাণহানি ঘটার পর শনিবারের গণভোট স্থগিত রাখতে জান্তার প্রতি আহ্বান জানিয়েছে।

ন্যাশনাল লীগ ফর ডেমোক্র্যাসি দলের মুখপাত্র নিয়ান উইন এএফপিকে বলেন, এই পরিস্থিতিতে এটি গণভোট অনুষ্ঠানের জন্য উপযুক্ত সময় নয়। সামরিক বাহিনী বলেছে, ঘূর্ণিঝড়ে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত এলাকাগুলো ছাড়া দেশের অধিকাংশ স্থানে শনিবার গণভোট অনুষ্ঠিত হবে। এই ঝড়ে ইরাবতী বদ্বীপ ও প্রধান নগরী ইয়াঙ্গুনে ব্যাপক ক্ষতি হয়েছে। ৪৭টি শহর ও নগরীতে আগামী ২৪ মে পর্যন্ত নির্বাচন স্থগিত করা হয়েছে। মিয়ানমারে জেনারেলরা বলছেন, সংবিধানের অনুমোদন গণতন্ত্রের পথে 'রোডম্যাপ' অনুযায়ী ২০১০ সালে নির্বাচনের পথ প্রশস্ত করবে। সমালোচকরা মনে করছেন যে, এতে কেবল সামরিক বাহিনীর হাতে ক্ষমতা আরও কুক্ষিগত হবে। আউং সান সুচি ও তাঁর দল এনএলডি এই সংবিধান প্রত্যাখ্যান করতে ভোটারদের প্রতি আহ্বান জানিয়েছে। তারা বলছেন, এই সংবিধান কয়েক দশকের সামরিক শাসনের পর গণতান্ত্রিক পরিবর্তন আনবে না। নিয়ান উইন বলেন, 'আমরা কিছু পরিবর্তন করিনি, আমরা এখনও শনিবারের গণভোটে 'না' ভোট দিতে জনগণের প্রতি আহ্বান জানাচ্ছি।'

জেনারেলরা গণভোট সম্পর্কে বক্তৃতা করা বা লিফলেট বিতরণ করা নিষিদ্ধ করার ফলে এনএলডি বা অন্য গণতন্ত্রপন্থী গ্রুপগুলো 'না' ভোটের ব্যাপারে কোন প্রচারণা চালাতে পারছে না। এটি হবে ১৯৯০ সালের ২৭ মে নির্বাচনের পর প্রথম ভোট। নব্বইয়ের নির্বাচনে এনএলডি বিপুল ভোটে বিজয়ী হলেও সামরিক বাহিনী কখনও নির্বাচনী ফলাফলকে স্বীকৃতি দেয়নি। মিয়ানমার কর্তৃপক্ষ বলেছে, বিদেশী উদ্ধারকারী ও ত্রাণ দলকে গ্রহণ করতে তারা প্রস্তুত নয়। শুক্রবার পররাষ্ট্র মন্ত্রণালয় এ কথা জানিয়ে বলেছে, কয়েক ত্রাণকর্মীকে ইতোমধ্যে বহিষ্কার করা হয়েছে। মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, তারা সাহায্য চায়, বিদেশীদের চায় না। খবর এএফপি/বিবিসি অনলাইনের।

জাতিসংঘ বলেছে, ঘূর্ণিঝড় নার্গিসের ছোবলে মিয়ানমারে ১৫ লাখ লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। মিয়ানমারের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম বলছে, ঘূর্ণিঝড়ে এ পর্যন্ত ২২ হাজার ৯শ' ৮০ জন নিহত হয়েছে। কিন্তু আশঙ্কা করা হচ্ছে নিহতের সংখ্যা ১ লাখে পৌঁছাতে পারে।

লাখ লাখ দুর্গত মানুষ খাদ্য, পানি ও বাসস্থানের অভাবে দুর্ভোগ পোহাচ্ছে। কর্মকর্তারা বলছেন, সাহায্য না পৌঁছলে বহু লোক মারা যেতে পারে। জাতিসংঘ শুক্রবার হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছে, বিদেশী ত্রাণকর্মীদের দুর্গত এলাকায় প্রবেশ করতে না দিলে ঘূর্ণিঝড়ে মৃতের সংখ্যা নাটকীয়ভাবে বাড়তে পারে। বিশ্ব সংস্থার জরুরী ত্রাণ শাখার আবাসিক মুখপাত্র রিচার্ড হরমে বলেছেন, সামরিক জান্তার উচিত বিদেশী ত্রাণ কর্মীদের ভেতরে ঢুকতে দেয়া। ভয়াবহ ঘূর্ণিঝড়ের পর বিদেশি অনুসন্ধান ও উদ্ধার দলের জন্য মিয়ানমার 'প্রস্তুত' নয়। পররাষ্ট্র মন্ত্রণালয় শুক্রবার একটি রাষ্ট্রীয় সংবাদপত্রে এ কথা জানিয়ে বলেছে যে,কিছু সাহায্যকর্মীকে ফেরত পাঠানো হয়েছে।

নিউইয়র্কে আওয়ামী লীগের গণস্বাক্ষর সংগ্রহ ও বিক্ষোভ সমাবেশ কাল

নিজস্ব প্রতিনিধি, নিউইয়র্ক থেকে ॥ দলীয়প্রধান শেখ হাসিনার মুক্তির দাবিতে ক্রমেই সোচ্চার হয়ে উঠছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও অঙ্গ এবং সহযোগী সংগঠনগুলো। আগামীকাল রবিবার বিকাল ৫টায় শেখ হাসিনার নিশর্ত মুক্তি দাবিকে এক দফা দাবি হিসাবে চিহ্নিত করে নিউইয়র্ক সিটি আওয়ামী লীগ বাঙালীর প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসে আয়োজন করেছে গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচী ও প্রতিবাদ বিক্ষোভ সমাবেশের। সিটি আওয়ামী লীগের সভাপতি নুরুজ্জামান চৌধুরী শাহী জানিয়েছেন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি খালিদ হাসানের নির্দেশনায় জননেত্রী শেখ হাসিনার মুক্তির দাবিকে আন্তর্জাতিক পরিমণ্ডলে ব্যাপকভাবে তুলে ধরার লক্ষ্যে এই সমাবেশ ও গণস্বাক্ষর কর্মসূচী নেয়া হয়েছে। একে সফল করার জন্য তিনি স্বাধীনতার সপক্ষের সকল শক্তি ও ব্যক্তির প্রতি আহ্বান জানিয়েছেন।

নিউইয়র্ক সিটি আওয়ামী লীগ আয়োজিত শেখ হাসিনার মুক্তির দাবিতে গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচী ও প্রতিবাদ বিক্ষোভ সমাবেশকে সাফল্যমণ্ডিত করার জন্য যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও এর অঙ্গ এবং সহযোগী সংগঠনগুলোর নেতাকর্মীদের মধ্যে বিপুল উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে। যুক্তরাষ্ট্র শ্রমিক লীগের সমন্বয়কারী আব্দুর রহিম বাদশা জানিয়েছেন, নিউইয়র্কের চার বারোর আওয়ামী লীগের কমিটির পাশাপাশি কৃষক লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও সমমনা অন্যান্য দলগুলোর নেতাকর্মীরাও রবিবার জ্যাকসন হাইটসের কর্মসূচী সফল করতে কাজ করছেন। কেন্দ্রীয় যুবলীগের সদস্য হাজী এনাম জানিয়েছেন, সিটি আওয়ামী লীগের আয়োজনকে সফল করতে ব্যাপক প্রচারাভিযান চালানো হচ্ছে। ছুটির দিন রবিবার সমাবেশে বিপুল নেতাকর্মীর উপস্থিতি আশা করছেন তিনি।

এদিকে সিটি আওয়ামী লীগের পাল্টা আরেকটি কমিটি একই দিনে এস্টোরিয়ায় আরেকটি সমাবেশ আযোজন করেছে শেখ হাসিনার মুক্তির দাবিতে।

লেবাননে সরকার ও হিজবুল্লাহ সমর্থকদের মধ্যে প্রচণ্ড সংঘর্ষ ॥ হত ১১

লেবাননে শুক্রবারও সংঘর্ষ অব্যাহত রয়েছে। লেবাননের রাজধানী বৈরুতে সরকারপন্থী সমর্থক এবং হিজবুল্লাহ নেতৃত্বাধীন বিরোধী দলের অনুসারীদের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ১১ ব্যক্তি নিহত হয়েছে।

এছাড়া আহত হয়েছে আরও বেশ কয়েকজন। হাসপাতাল ও নিরাপত্তা কর্মকর্তারা এ তথ্য জানান। শহরের মধ্যাঞ্চল এবং দক্ষিণাঞ্চল এলাকাসমূহে রাইফেল এবং গ্রেনেড লঞ্চার সহকারে বন্দুকধারীরা রাতব্যাপী সংঘর্ষ অব্যাহত রাখে। এদিকে সরকারপন্থী একটি টিভি স্টেশন বন্ধ করে দিয়েছে হিজবুল্লাহ্‌র সমর্থকরা। খবর এএফপি ও বিবিসি অনলাইনের।

হিজবুল্লাহ নেতা হাসান নসরুল্লাহ তাদের টেলিযোগাযোগ নেটওয়ার্ক বন্ধ করে দেয়ার নিন্দা জানানোর পর বুধবার সংঘর্ষ শুরু হয়। মাকাসেদ হাসপাতালের এক কর্মকর্তা বলেন, কমপক্ষে ৩০ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে চারজনের অবস্থা গুরুতর। নিহতদের মধ্যে তিনজন মাথায় বুলেটবিদ্ধ হয়ে মারা গেছে। হিজবুল্লাহ নিয়ন্ত্রিত দক্ষিণাঞ্চলীয় উপকণ্ঠে এরা মারা যায়। বৈরুতে সরকারবিরোধী বিক্ষোভের সময় সংঘর্ষে প্রায় ১০ ব্যক্তি আহত হয়েছে বলে খবর পাওয়া গেছে। এদিকে হিজবুল্লাহ নেতা নসরুল্লাহ সরকারের দমন নিপীড়নকে তাঁর সমর্থকদের প্রতি যুদ্ধ ঘোষণা বলে অভিহিত করেছেন। তিনি আরও বলেন, সরকার হিজবুল্লাহর প্রাইভেট টেলিযোগাযোগ নেটওয়ার্ক বন্ধ করে দেয়ার যে ঘোষণা দিয়েছেন তা প্রত্যাহার করে নিলেই একমাত্র সমস্যা থেকে বের হওয়া সম্ভব হবে। বৈরুতের দক্ষিণাঞ্চল ও মধ্যাঞ্চলের স্পর্শকাতর এলাকাগুলোতে দিনভর উত্তেজনা বিরাজ করে। বৈরুতের রাস্তাসমূহে বন্দুকের গুলির শব্দ পাওয়া যায়। তবে শেখ নসরুল্লাহর ভাষণ প্রচার শেষ হবার পর পরই প্রচণ্ড গুলি এবং বিস্ফোরণের আওয়াজে রাজধানীর রাস্তাসমূহ প্রকম্পিত হয় ওঠে। রাস আল নাবা এবং ক্রোনিচ আল মাজরা এলাকা রাতে শুরু হওয়া যুদ্ধ এখনও চলছে। এখানে রকেটচালিত গ্রেনেড হামলায় মা ও ছেলে নিহত হয়। এছাড়া আরেক ব্যক্তিকে গুলি করে হত্যা করা হয়েছে। সংঘর্ষের সময় পার্লামেন্টের নিরাপত্তা বাহিনীর এক সদস্যও নিহত হয়।

এদিকে হিজবুল্লাহ্‌র বন্দুকধারীরা সরকার সমর্থক একটি টিভি স্টেশন শুক্রবার বন্ধ করে দিয়েছে। টিভি স্টেশন ফিউচার নিউজের মালিক পশ্চিমাপন্থী জোট সরকারের নেতা সাদ হারিরি। এদিকে জাতিসংঘের নিরাপত্তা কাউন্সিল দ্রুত লড়াই বন্ধ করার জন্য প্রতিপক্ষ দলগুলোর প্রতি আহ্বান জানিয়েছে। জাতিসংঘের মহাসচিব বান কি মুন এক বিবৃতিতে অবিলম্বে এ সহিংসতা বন্ধের জন্য একটি চুক্তিতে পৌঁছাতে এবং দেশের সড়কসমূহ পুনরায় খুলে দেয়ার জন্য উভয় পক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন।

তেলের দামে নতুন রেকর্ড

অশোধিত তেলের দামে নতুন করে রেকর্ড সৃষ্টি হয়েছে। লন্ডন ও নিউইয়র্কে ব্যারেলপ্রতি অশোধিত তেলের দাম নতুন করে বেড়ে গেছে। নিউইয়র্কে লাইট ক্রুড নামে চিহ্নিত অশোধিত তেলের দাম ১৬ সেন্ট বেড়ে ব্যারেলপ্রতি ১২৩ দশমিক ৬৯ ডলারে পৌঁছে। কিন্তু কয়েক ঘণ্টা পরই তা ব্যারেলপ্রতি ১২৪ দশমিক ৬১ ডলারে বিক্রি হয়েছে। এদিকে লন্ডনে ব্রেনট ক্রুডের দাম ব্যারেলপ্রতি ৫২ সেন্ট বেড়ে ১২২ দশমিক ৮৪ ডলারে পৌঁছে নতুন রেকর্ড সৃষ্টি করে। তেল সরবরাহ নিয়ে উদ্বেগ, বিশ্বব্যাপী চাহিদা বৃদ্ধি পাওয়ার আভাস এবং ডলারের দুর্বল অবস্থার কারণে তেলের দাম বৃদ্ধি পেয়েছে। খবর বিবিসি অনলাইনের। এ সপ্তাহের গোড়ার দিকে গোল্ডম্যান ম্যাক্সের এক রিপোর্টে বলা হয়েছে, সরবরাহ নিয়ে টানাপোড়েন সৃষ্টি হওয়ায় ছয় মাসের মধ্যে অশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ২০০ ডলারে পৌঁছতে পারে। বৃহস্পতিবার তেল রফতানিকারী দেশের সংস্থা ওপেক অবশ্য জানিয়েছে পর্যাপ্ত তেল সরবরাহ রয়েছে। কিন্তু বুধবার সরকারী হিসাবে দেখা যায়, যুক্তরাষ্ট্রে তেলের মজুদ কমে গেছে।

গত বছর সারা বিশ্বে নিহত হয়েছে ৯৩ সাংবাদিক

২০০৭ সালে বিশ্বব্যাপী ৯৩ সাংবাদিক নিহত হয়েছে। এদের মধ্যে প্রায় অর্ধেকই মারা গেছে ইরাকে। ইন্টারন্যাশনাল প্রেস ইনস্টিটিউট (আইপিআই) তাদের বার্ষিক এক প্রতিবেদনে বৃহস্পতিবার এ তথ্য প্রকাশ করেছে। খবর ডন অনলাইন।

এক দশকের মধ্যে বিশ্বব্যাপী সাংবাদিক নিহত হবার এটি দ্বিতীয় সর্বোচ্চ হার। ২০০৬ সালে সবচেয়ে বেশি সংখ্যক অর্থাৎ ১শ' সাংবাদিক নিহত হয়। আইপিআই এ খবর জানায়। ২০০৭ সালে ইরাকে ৪২ সাংবাদিক নিহত হয়েছে। এছাড়া দ্বিতীয় অবস্থানে রয়েছে এশিয়া। গত বছর এশিয়ায় নিহত ১৯ সাংবাদিকের মধ্যে বেশিরভাগ পাকিস্তান, ফিলিপিন্স, শ্রীলঙ্কা এবং আফগানিস্তানে মারা গেছে।

বিশ্বব্যাপীই গণমাধ্যম স্বাধীনতার ওপর চাপ রয়েছে। ইরান এবং জিম্বাবুইয়ের কথা উল্লেখ করে আইপিআই জানায়, আফ্রিকা এবং মধ্যপ্রাচ্যে গণমাধ্যমের ওপর কড়াকড়ি এখনও বৃদ্ধি পাচ্ছে।

শ্রীলঙ্কায় সংঘর্ষে দুই সৈন্য ও ১৫ তামিল টাইগার নিহত

শ্রীলঙ্কার উত্তর-পশ্চিমে ছোট একটি শহরে সৈন্যদের সঙ্গে সংঘর্ষে ১৫ তামিল টাইগার বিদ্রোহী নিহত হয়েছে। খবর বিবিসি অনলাইনের। ব্রিগেডিয়ার উদয় নানায়াক্কারা জানান, মান্নার জেলার আদাম্পান এলাকায় অভিযানের সময় ১৫ বিদ্রোহী এবং দুই সৈন্য নিহত হয়েছে। এছাড়া সংঘর্ষে আরও ৭ সৈন্য আহত হয়েছে। আদাম্পান এলাকাটি তামিল গেরিলাদের শক্ত ঘাঁটি বলে ব্রিগেডিয়ার নানায়াক্কারা জানান। জানুয়ারি মাসে সরকার অস্ত্র বিরতি চুক্তি প্রত্যাহার করে নেয়ার পর থেকে দেশটিতে সহিংসতা বৃদ্ধি পায়। এদিকে সর্বশেষ তামিল গেরিলা নিহত হবার বিষয়ে বিদ্রোহীদের কাছ থেকে এখন পর্যন্ত কোন মন্তব্য পাওয়া যায়নি।

ইরাকে আল কায়েদা প্রধান গ্রেফতার!

বাগদাদ, ৯ মে, এএফপি ॥ ইরাকে আল কায়েদার প্রধান হিসাবে দাবি করা এক ব্যক্তিকে দেশটির উত্তরাঞ্চল থেকে গ্রেফতার করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্ধৃতি দিয়ে রাষ্ট্রীয় প্রচার মাধ্যমে বৃহস্পতিবার এ খবর জানানো হয়।

মেজর জেনারেল আবদুল করিম খালাফ আল ইরাকিয়া টেলিভিশনকে জানান যে, আটককৃত ব্যক্তি নিজেকে আবু হামজা আল মুজাহির বলে দাবি করেন। তবে তাঁর পরিচয় শনাক্তকরণের বিষয়ে তদন্ত চলছে বলে তিনি জানান। বুধবার এক অভিযানের সময় নিনেভের ওয়াদ আল হাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। আটককৃত ব্যক্তি আবু হামজা কিনা সে ব্যাপারে নিশ্চিত হওয়ার জন্য বর্তমানে আরও তদন্ত করা হচ্ছে বলে আবদুল করিম বলেন। মিসরীয় বংশোদ্ভূত মুজাহির ২০০৬ সালে আবু মুসাব আল জারকাবি নিহত হওয়ার পর ইরাকে আল কায়েদার প্রধান হিসাবে নিযুক্ত হন। মার্কিন সেনাবাহিনীতে মুজাহিরের আসল নাম আবু আইয়ুব আল মাসরি বলে উল্লেখ আছে।

নিউইয়র্কে পাভেল রহমানের সম্মানে অনুষ্ঠান

এনা, নিউইয়র্ক থেকে ॥ চট্টগ্রামের মর্মান্তিক ভূমিধসে নিহতদের লাশ মাটি খুঁড়ে উত্তোলনের সময়কার স্পট ছবির জন্য ৪টি আন্তর্জাতিক এ্যাওয়ার্ডলাভকারী ফটোসাংবাদিক (এপি) পাভেল রহমান ৮ মে নিউইয়র্কে 'আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাব'-এর কর্মকর্তা-সদস্যদের সঙ্গে মতবিনিময়কালে বলেছেন, জীবনের ঝুঁকি নিয়ে বাংলাদেশের ফটোসাংবাদিকরা কাজ করছেন। অথচ সেভাবে মূল্যায়ন করা হচ্ছে না। পেশাগত দায়িত্ব পালনকালে আহত হলেও সুচিকিৎসার ব্যাপারে মিডিয়া মালিকরা তেমন আন্তরিকতা প্রদর্শন করেন না। পাভেল রহমান বলেন, সারাবিশ্বেই ফটোসাংবাদিকদের প্রচণ্ড ঝুঁকির মধ্যে কাজ করতে হচ্ছে, এর মধ্যে বাংলাদেশের ফটোসাংবাদিকদের ঝুঁকি সবচেয়ে বেশি এবং বেতন-ভাতা সবচেয়ে কম।

জ্যাকসন হাইটসে পাকুরা রেস্টুরেন্টের এ মতবিনিময়ে সভাপতিত্ব করেন ক্লাবের সিনিয়র সহসভাপতি কাজী শামসুল হক এবং অনুষ্ঠান পরিচালনা করেন ক্লাবের সেক্রেটারি দর্পণ কবীর। মতবিনিময়ে অংশ নেন ঠিকানা সম্পাদক মুহম্মদ ফজলুর রহমান, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, এনা সম্পাদক লাবলু আনসার, এখন সময়-এর নির্বাহী সম্পাদক ফকির সেলিম, সাপ্তাহিক ২০০০-এর নিউইয়র্ক প্রতিনিধি আকবার হায়দার কিরণ এবং ফোকাস বাংলার যুক্তরাষ্ট্র প্রতিনিধি নিহার সিদ্দিকী।

পাভেল রহমান ২০০৭ সালের ১২ জুন চট্টগ্রামে ভূমিধসের ঐ একটি ছবির জন্য ৪টি এ্যাওয়ার্ড পেয়েছেন। এর মধ্যে একটি হচ্ছে ৬৫তম বার্ষিক আন্তর্জাতিক সেরা ছবির এ্যাওয়ার্ড। এটি দিয়েছে কলম্বিয়ায় মিসৌরী স্কুল অব জার্নালিজম। এপির ৭ ফটোসাংবাদিক এ এ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছিলেন।